

বিনোদন

বিমানবন্দরে গ্রেপ্তার অপু বিশ্বাসের ঐশিকার নায়ক

প্রতিবেদক: Bangladesh

প্রকাশের তারিখ: শুক্রবার, ১৮ সেপ্টেম্বর ২০২৬, ০৯:৫৯ PM



হত্যা মামলায় চিত্রনায়ক মরতুজা পলাশ গ্রেপ্তার
ঢাকা প্রতিনিধি।

বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনের সময় সংঘটিত একটি হত্যা মামলায় চিত্রনায়ক মরতুজা পলাশকে গ্রেপ্তার করা হয়েছে। নেপাল থেকে দেশে ফেরার পর গত ২৮ আগস্ট ঢাকার হজরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দর থেকে তাঁকে গ্রেপ্তার করে পুলিশ। মামলার এজাহারনামীয় আসামি পলাশ বর্তমানে কারাগারে রয়েছেন।

জানা গেছে, অপু বিশ্বাস অভিনীত ঐশিকার সিনেমার শুটিংয়ে অংশ নিতে নেপালে ছিলেন পলাশ। গত আগস্টে শুরু হওয়া সিনেমাটির ২৫ দিনের বেশি শুটিং শেষে আকস্মিক বন্যার কারণে ২৮ আগস্ট পুরো দল দেশে ফেরে। সেদিনই বিমানবন্দর থেকে তাঁকে গ্রেপ্তার করা হয়।

তবে এত দিন তাঁর গ্রেপ্তারের বিষয়টি প্রকাশ্যে আসেনি।

মামলা-সংশ্লিষ্ট সূত্র জানায়, হত্যা মামলায় গ্রেপ্তারের পর পলাশকে রিমান্ডে নেওয়া হয়। রিমান্ড শেষে ঢাকার চিফ মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট (সিএমএম) আদালত তাঁকে কারাগারে পাঠানোর নির্দেশ দেন।

মামলা-সংশ্লিষ্ট একটি সূত্রের দাবি, জিজ্ঞাসাবাদে সংশ্লিষ্ট ঘটনা ও মামলার অন্য আসামিদের বিষয়ে পলাশের কাছ থেকে কিছু তথ্য পেয়েছে পুলিশ। তবে এ বিষয়ে আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর আনুষ্ঠানিক কোনো বক্তব্য পাওয়া যায়নি।

অনিশ্চয়তায় ঐশিকার সিনেমার কাজ

পলাশ কারাগারে থাকায় তাঁর অভিনীত ঐশিকার সিনেমার বাকি কাজও অনিশ্চয়তার মধ্যে পড়েছে। নেপালে ছবিটির বেশির ভাগ দৃশ্যের শুটিং শেষ হয়েছে। তবে কয়েকটি দৃশ্য ও গানের শুটিং এখনো বাকি রয়েছে।

নির্মাতা কামরুজ্জামান রোমান আগামী অক্টোবরে বাকি অংশের দৃশ্যধারণের পরিকল্পনা করেছিলেন। তবে পলাশ কারাগারে থাকায় এখনো শুটিংয়ের চূড়ান্ত সময়সূচি নির্ধারণ করা সম্ভব হয়নি।

কামরুজ্জামান রোমান বলেন, নেপালে ঐশিকার সিনেমার বেশির ভাগ অংশের শুটিং শেষ হয়েছে। অক্টোবরে বাকি কাজ করার পরিকল্পনা ছিল। কিন্তু নায়ক কারাগারে থাকায় এখনো চূড়ান্ত শিডিউল করা যাচ্ছে না।

তিনি বলেন, মরতুজা পলাশ আইনিভাবে বিষয়টি মোকাবিলা করছেন। প্রযোজনা প্রতিষ্ঠান আশা করছে, তিনি শিগগিরই মুক্তি পাবেন। তা না হলে অপেক্ষা করা ছাড়া তাদের কোনো উপায় নেই।

সীমান্তবর্তী এলাকার গল্প নিয়ে নির্মিত হচ্ছে থ্রিলার ঘরানার সিনেমা ঐশিকার। আবদুল্লাহ জহির বাবুর চিত্রনাট্যে এতে মরতুজা পলাশ ও অপু বিশ্বাসের পাশাপাশি অভিনয় করছেন মাহমুদুল ইসলাম মিঠু, সুমন আনোয়ার এবং পশ্চিমবঙ্গের খরাজ মুখোপাধ্যায়, রজতাভ দত্ত ও শ্যাম ভট্টাচার্য।

এ বিভাগের আরও খবর



একসময় গরিব ছেলে পছন্দ ছিল: প্রভা
অভিনেত্রী সাদিয়া জাহান প্রভাকে এখন পর্দায় কালোভদ্রে দেখা যায়। তবে সামাজিক যোগাযোগমাধ্যমে নিয়মিতই সরব তিনি।
বিভিন্ন পোস্টের মাধ্যমে অনুসারীসে...



এক হাজার টাকায় শুরু, শেষটা নিঃশব্দ হয়ে: জুয়া নিয়ে ভিডিও বানিয়ে প্রশংসায় চমক
এক হাজার টাকায় শুরু, শেষটা নিঃশব্দ হয়ে! সহজে টাকা আয়ের রত্নিন যুগে অনলাইন জুয়ার ফাঁদে পড়েছিলেন শিহাব নামের এক
যুবক। হারানো টাকা ফেরত পাওয়ার....



ইতালিতে বাঁধনের ওপর হামলাকারী ৩ ব্যক্তি শনাক্ত
অভিনেত্রী আজমেদী হক বাঁধনের ওপর হামলা ও হেনস্তার ঘটনায় জড়িত কয়েকজনের পরিচয় পাওয়া গেছে। ভিডিও বিশ্লেষণ করে
তাদের মধ্যে শিপল মাহমুদ বিশ্বব, ইল....



সামান্য মঙ্করায় ফাঁসলেন নোরা ফাতেহি, খেলেন ৪ কোটি টাকার মামলা
বিমানে বসে সেটিকে নিয়ে বিজ্ঞপাত্তক পোস্ট করায় আইনি ঝামেলায় পড়েছেন বলিউড অভিনেত্রী নোরা ফাতেহি। তার বিরুদ্ধে তিন
কোটি রুপির (বাংলাদেশি মুদ্রা....

Copyright Dhaka Probe

অনলাইন সংস্করণ পড়তে ভিজিট করুন: <https://dhakaprobe.com/entertainment/bimanbndre-greptar-opu-bishbaser-shikar-nayk>